

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ/২৭ ফেব্রুয়ারী, ২০১৮ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ৬৮-আইন/আয়কর/২০১৭।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, Private Sector Power Generation Policy of Bangladesh এবং এই বিভাগের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৭৩-আইন/৯৭/১৭০০/শুষ্ক, তারিখ ১৯শে মার্চ ১৯৯৭ খ্রিস্টাব্দ ও প্রজ্ঞাপন এস,আর,ও নং ১০০-আইন/২০০০/১৮৩২/শুষ্ক, তারিখ ১৮ই এপ্রিল ২০০০ খ্রিস্টাব্দ তে বর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে, উক্ত Policy-তে বর্ণিত ব্যবস্থা অনুসারে, দেশের সকল private power generation কোম্পানি, অতঃপর কোম্পানি বলিয়া উল্লিখিত, কর্তৃক বাণিজ্যিক উৎপাদন শুরুর পূর্ববর্তী সময়ে (pre-commencement period), বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য প্লান্ট, ইকুইপমেন্ট, ইরেকশন ম্যাটেরিয়ালস, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ (spare parts) নিম্নবর্ণিত প্রজ্ঞাপনসমূহ যে সকল কোম্পানির জন্য প্রযোজ্য হয় সেই সকল কোম্পানি কর্তৃক আমদানির ক্ষেত্রে উক্ত Ordinance এর section 53 এর অধীন প্রদেয় উৎসে আয়কর প্রদান হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:

- (ক) প্রজ্ঞাপন এস,আর,ও নং ২১১-আইন/আয়কর/২০১৩, তারিখ ১ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ;
- (খ) প্রজ্ঞাপন এস,আর,ও নং ২১২-আইন/আয়কর/২০১৩, তারিখ ১ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ; এবং
- (গ) প্রজ্ঞাপন এস,আর,ও নং ২১৩-আইন/আয়কর/২০১৩, তারিখ ১ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ;

Bangladesh Tax Update  
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি  
সিনিয়র সচিব।